যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত, দিনাজপুর।

## নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

অর্থঋণ আদালত ২০০৩ এর ৩৩ (১) ধারার বিধান অনুসারে

মোকদ্দমা নং- ৩৪/২০২৩ অর্থজারী

মূল মোকদ্দমা নং- ০৪/২০২১ অর্থঋণ

সোনালী ব্যাংক পিএলসি, (সাবেক সোনালী ব্যাংক লিমিটেড), প্রধান কার্যালয় মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, যাহার শাখা, চিরিরবন্দর শাখার পক্ষে, এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার ও শাখা প্রধান, সোনালী ব্যাংক পিএলসি, (সাবেক সোনালী ব্যাংক লিমিটেড), চিরিরবন্দর শাখা, সাকিন- চিরিরবন্দর, ডাকঘর-চিরিরবন্দর, উপজেলা-চিরিরবন্দর, জেলা- দিনাজপুর।

........... বাদী ডিক্রীদার

১। মেসার্স মা ষ্টোর প্রোঃ মোঃ মানিক শাহ, পিতা-মোঃ আইয়ুব আলী

২। জামিন দাতাঃ মোঃ লতিফ শাহ, পিতা-মৃত নমির উদ্দীন, উভয়ের ঠিকানাঃ সাকিন-রামপুর, ডাকঘর- ভিয়াইল, উপজেলা-চিরিরবন্দর, জেলা- দিনাজপুর।

...............বিবাদী দায়িকগণ

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ডিক্রিদার সোনালী ব্যাংক পিএলসি, (সাবেক সোনালী ব্যাংক লিমিটেড), চিরিরবন্দর শাখা দায়িক পক্ষের নিকট হইতে বিগত ইং ০৩/০৯/২০২৩ তারিখ পর্যন্ত সুদাসলে প্রাপ্য= ৬,৪৬,৪৪৩ (ছয় লক্ষ ছেচল্লিশ হাজার চারশত তেতাল্লিশ) সহ আদায়কাল তক পাওনা সাকুল্য টাকা আদায়ের লক্ষ্যে যুগ্ম যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত, দিনাজপুর সম্মুখে রক্ষিত নিলামের দরপত্র বাক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৬/০৮/২০২৫ ইং তারিখ বেলা ২.০০ ঘটিকার মধ্যে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হইতে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

### নিলামের শর্তাবলী

১। দরপত্র/টেন্ডার আগামী **২৬/০৮/২০২৫** ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে আদালতের নিম্ন ঠিকানায় রক্ষিত দরপত্র বাক্সে জমা করিতে হইবে। দরপত্র সরাসরি দরপত্র বাক্সে কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রিকৃত ডাকযোগে প্রেরণ এর ক্ষেত্রে ইহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হবে।

২। দরপত্র সরবরাহকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম/পিতা/স্বামীর নাম, ঠিকানা, মোবাইল/টেলিফোন নং যদি থাকে এবং প্রস্তাবিত মোট মূল্য উল্লেখ করিতে হইবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতা উদ্ধৃত দরের অনুর্ধ্ব = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর = ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফ্ট বা পে-অর্ডারের আকারে বিজ্ঞ যুগ্ম জেলা জজ ও অর্থঋণ ১ম আদালত, দিনাজপুর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৫। এক বা একাধিক তপশীলের জন্য দরপত্র দিতে পারিবেন, তবে একই তপশীলের আংশিক দরপত্র গ্রহন যোগ্য হবে না।

৬। অনুর্ধ্ব = ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে সমুদয় ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব = ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং = ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে আদালত উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিবেন।

Attested.

Md. Rezaul Karim
Assistant General Manager (Head of Branch)
Sonali Bank PLC.
Chirirbandar Branch, Dinajpur.

৭। অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেওয়া হইবে।
৮। জামানত প্রদানকারীর দরপত্র ত্রুটিপূর্ণ হইলে সরাসরি বাতিল হইবে।
৯। দরপত্রের প্রদত্ত সম্পত্তির অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম হইলে বা অন্য কারনে গ্রহনযোগ্য না হইলে আদালত তাহা বাতিল করিতে পারিবেন।
১০। সম্পত্তি রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তি সহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করিতে হইবে।
১১। সর্বোচ্চ যে কোন দরপত্র গ্রহন বা বাতিলের ক্ষমতা আদালত কর্তৃক সংরক্ষিত হইবে।
১২। দরপত্র নির্ধারিত ২৬/০৮/২০২৫ ইং তারিখে আদালত কর্তৃক দাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে
১৩। ক্রয়কৃত সম্পত্তি বিজ্ঞ আদালতের মাধ্যমে দখল দেওয়া হইবে।

## বন্ধকী সম্পত্তির তফসিল

১। জেলা- দিনাজপুর, থানা-চিরিরবন্দর, মৌজা-শাশারপুর, জে,এল নং-১৪২

| খতিয়ান নং | সি,এস | এস,এ | দাগ নং | পরিমাণ |
|---|---|---|---|---|
| খারিজ-৫০৮, খারিজ কেস নং- IX-1/৭১৯/৯৫-৯৬, তারিখ ০৬/০৩/১৯৯৬ ইং, হোল্ডিং নং-৫২৭। | ৭৭ | ১১০ | ১২১১ | ০.৪৪০০ একর জমি |
| | ৭৭ | ১১০ | ১২১৪ | ০.১৫০০ একর জমি |
| | ৭৭ | ১১০ | ৪০৯ | ০.০৭০০ একর জমি |
| | ১১০ | ১৪৯ | ৩৩৩ | ০.০০২৫ একর জমি |
| | ১১০ | ১৪৯ | ১১৮২ | ০.০০২৫ একর জমি |
| | ১১০ | ১৪৯ | ১১৮৫ | ০.০১০০ একর জমি |
| | ১১০ | ১৪৯ | ১১৯৭ | ০.০২২৫একর জমি |
| | ১১০ | ১৪৯ | ১১৯১ | ০.০০২৫একর জমি |
| | ১০৭ | ১৪৬ | ৩৮৬ | ০.০১০০একর জমি |
| | ১০৭ | ১৪৬ | ৩৮৭ | ০.০১০০ একর জমি |
| | | | মোট= | ০.৭২০০ একর জমি |

আদালতের আদেশক্রমে

মোঃ মজিবর রহমান
সেরেস্তাদার
১৪/৭/২৫
যুগ্ম জেলা জজ ১ম ও অর্থঋণ আদালত,
**দিনাজপুর।**

১। দৈনিক অগ্রসর(জাতীয়)
২। দৈনিক মানব বার্তা(স্থানীয়)

Attested.

Md. Rezaul Karim
Assistant General Manager (Head of Branch)
Sonali Bank PLC.
Chirirbandar Branch, Dinajpur.